গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সংস্থাপন মন্ত্রণালয়
নব-নিয়োগ শাখা
www.moestab.gov.bd

# প্রজ্ঞাপন

১৪ আশ্বিন, ১৪১৭

স্মারক নং-০৫.১৪৭.০০০.০০.০৪.০১২.২০১০-১৮৫ তারিখ ঃ---------------------

২৯ সেপ্টেম্বর, ২০১০

২৫তম বিসিএস পরীক্ষা ২০০৪ এর ফলাফলের ভিত্তিতে বাংলাদেশ সরকারী কর্ম কমিশনের ২২-০৫-২০০৬ তারিখের বাসককস/বিসিএস-২৫(২০০৪)/ফলাফল(গোপনীয়)/৩/২০০৬/২৩ নম্বর পত্রের সুপারিশক্রমে এই প্রজ্ঞাপনের তৃতীয় অনুচ্ছেদে বর্ণিত প্রার্থীকে বাংলাদেশ সিভিল সার্ভিস (পুলিশ) ক্যাডারে সহকারী পুলিশ সুপার পদে জাতীয় বেতনস্কেল, ২০০৯ অনুসারে টাকা ১১০০০-৪৯০×৭-ইবি-৫৪০×১১-২০৩৭০/- বেতনক্রমে নিম্নলিখিত শর্ত সাপেক্ষে নিয়োগ প্রদান করা হইল ঃ

(ক) তাঁহাকে লোক প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্রে অথবা সরকার নির্ধারিত প্রশিক্ষণ প্রতিষ্ঠানে অন্যূন ০৪ (চার) মাসের বুনিয়াদী প্রশিক্ষণ গ্রহণ করিতে হইবে; প্রয়োজনবোধে সরকার এই প্রশিক্ষণের সময়কাল বাড়াইতে বা কমাইতে পারিবে; অথবা প্রয়োজনবোধে সরকার বুনিয়াদী প্রশিক্ষণের পূর্বে তাঁহাকে অন্য কোন প্রশিক্ষণের জন্য মনোনীত করিতে পারিবে;

(খ) উক্ত বুনিয়াদী প্রশিক্ষণ সমাপনান্তে তাঁহাকে তাঁহার চাকুরী-সংশ্লিষ্ট প্রতিষ্ঠানে সরকার যেইরূপ স্থির করিবে সেইরূপ পেশাগত ও বিশেষ ধরনের প্রশিক্ষণ গ্রহণ করিতে হইবে;

(গ) তাঁহাকে ০২ (দুই) বৎসর শিক্ষানবিস হিসাবে কাজ করিতে হইবে। শিক্ষানবিসীকালে যদি তিনি চাকুরীতে বহাল থাকিবার অনুপযোগী বলিয়া বিবেচিত হন, তবে কোন কারণ দর্শানো ছাড়াই এবং বাংলাদেশ সরকারী কর্ম কমিশনের পরামর্শ ব্যতিরেকে তাঁহাকে চাকুরী হইতে অপসারণ করা যাইবে;

(ঘ) উপরের (ক) ও (খ) উপ-অনুচ্ছেদে উল্লিখিত প্রশিক্ষণ সাফল্যের সহিত সমাপনান্তে এবং বিভাগীয় পরীক্ষায় উত্তীর্ণ হওয়া সাপেক্ষে শিক্ষানবিসীকাল সন্তোষজনকভাবে অতিক্রান্ত হইলে তাঁহাকে চাকুরীতে স্থায়ী করা হইবে;

(ঙ) উপরের (ক) উপ-অনুচ্ছেদে উল্লিখিত প্রশিক্ষণ শুরু হওয়ার পূর্বে তাঁহাকে একজন জামানতদারসহ ১৫০/- (একশত পঞ্চাশ) টাকা মূল্যের নন-জুডিশিয়াল স্ট্যাম্পে এই মর্মে একটি বন্ড সম্পাদন করিতে হইবে যে, যদি তিনি শিক্ষানবিসীকালে অথবা শিক্ষানবিসীকাল উত্তীর্ণ হওয়ার ০৩ (তিন) বৎসরের মধ্যে চাকুরীতে ইস্তফা দেন, তবে প্রশিক্ষণকালে তাঁহাকে প্রদত্ত বেতন-ভাতা, প্রশিক্ষণ উপলক্ষে উত্তোলিত অগ্রিম/ভ্রমণভাতা/অন্যান্য ভাতাদি ও তাঁহার প্রশিক্ষণের জন্য ব্যয়িত সমুদয় অর্থ ফেরত দিতে তিনি বাধ্য থাকিবেন। প্রশিক্ষণের জন্য কর্মস্থল হইতে অব্যাহতি প্রদানকারী কর্তৃপক্ষের নিকট এই বন্ড দাখিল করিয়া তাঁহাকে প্রশিক্ষণে যাইতে হইবে;

(চ) তাঁহার ইস্তফা সরকার কর্তৃক গৃহীত হওয়ার পূর্বে যদি তিনি তাঁহার কর্তব্য-কাজে অনুপস্থিত থাকেন, তবে উপ-অনুচ্ছেদ (ঙ) মোতাবেক তাঁহার নিকট সরকারের প্রাপ্য সমুদয় অর্থ পাবলিক ডিমান্ড রিকভারী এ্যাক্ট, ১৯১৩ এর বিধান অনুসারে আদায় করা হইবে এবং সরকারী কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ মোতাবেক তাঁহার বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হইবে;

(ছ) ২৫তম বিসিএস পরীক্ষার ফলাফলের ভিত্তিতে প্রচলিত সরকারী বিধি-বিধান মোতাবেক তাঁহার জ্যেষ্ঠতা নির্ধারিত হইবে;

(জ) যদি তিনি কোন বিদেশী নাগরিককে বিবাহ করিয়া থাকেন অথবা বিবাহ করিবার অঙ্গীকারবদ্ধ হইয়া থাকেন তবে এই নিয়োগপত্র বাতিল বলিয়া গণ্য হইবে;

(ঝ) চাকুরীতে যোগদানকালে তাঁহাকে যোগদানপত্রের সহিত ১৫০/-(একশত পঞ্চাশ) টাকা মূল্যের নন-জুডিশিয়াল স্ট্যাম্পে এই মর্মে একটি বন্ড দাখিল করিতে হইবে যে, তিনি নিজের জন্য বা পরিবারের অন্য সদস্যের জন্য কোন যৌতুক নিবেন না এবং কোন যৌতুক দিবেন না;

(ঞ) এই প্রজ্ঞাপনে সুনির্দিষ্টভাবে বর্ণিত হয় নাই, এইরূপ ক্ষেত্রে তাঁহার চাকুরী সংক্রান্ত বিষয়ে সরকারের প্রচলিত বিধি-বিধান ও আদেশ প্রযোজ্য হইবে এবং সরকার কর্তৃক ভবিষ্যতে প্রণীতব্য বিধি-বিধান ও আদেশ মোতাবেক/অনুসারে তাঁহার চাকুরী নিয়ন্ত্রিত হইবে;

(ট) The Government servants (Conduct) Rulse 1979 এর 13(1) উপ বিধি অনুযায়ী সকল স্থাবর-অস্থাবর সম্পত্তির বিবরণ সম্বলিত একটি ঘোষণাপত্র প্রার্থীকে চাকুরীতে যোগদানের সময় সংশ্লিষ্ট ক্যাডার নিয়ন্ত্রণকারী মন্ত্রণালয়ে জমা দিতে হবে।

(ঠ) এই চাকুরীতে যোগদানের জন্য তিনি কোন ভ্রমণ ভাতা/দৈনিক ভাতা পাইবেন না।

২। পূর্ব অনুচ্ছেদে উল্লিখিত শর্তাবলী তাঁহার নিকট গ্রহণযোগ্য বিবেচিত হইলে আগামী ১০ অক্টোবর ২০১০ খ্রিস্টাব্দ/২৫ আশ্বিন ১৪১৭ বঙ্গাব্দ তারিখে ক্যাডার নিয়ন্ত্রণকারী স্বরাষ্ট্র মন্ত্রণালয় কর্তৃক নির্দেশিত/পদায়িত কার্যালয়ে যোগদানের জন্য তাঁহাকে অনুরোধ করা হইল। আর স্বরাষ্ট্র মন্ত্রণালয় হইতে পরবর্তী কোন নির্দেশ না পাইলে ১০-১০-২০১০ তারিখ পূর্বাহ্নে স্বরাষ্ট্র মন্ত্রণালয়ে যোগদান করিবার জন্য তাঁহাকে অনুরোধ করা হইল। নির্ধারিত তারিখে চাকুরীতে যোগদান না করিলে তিনি চাকুরীতে যোগদান করিতে সম্মত নহেন বলিয়া ধরিয়া লওয়া হইবে এবং এই নিয়োগপত্র বাতিল বলিয়া গণ্য হইবে।

৩। ক্যাডারের নাম ঃ বাংলাদেশ সিভিল সার্ভিস (পুলিশ)
পদের নাম ঃ সহকারী পুলিশ সুপার
নিয়োগপ্রাপ্ত ঃ ০১ (এক) জন

| মেধা ক্রমিক নম্বর | রেজিস্ট্রেশন নম্বর | প্রার্থীর নাম |
|---|---|---|
| ১৬২ | ৪২০৩ | মোঃ সাজ্জাদুর রহমান রাসেল |

৪। জনস্বার্থে এই নিয়োগ আদেশ জারী করা হইল।

রাষ্ট্রপতির আদেশক্রমে

২৯।৯।১০

(মোঃ মনির হোসেন)
উপ সচিব
ফোন ঃ ৭১৬৪৬৯৬

১৪ আশ্বিন, ১৪১৭
তারিখ ঃ---------------------
২৯ সেপ্টেম্বর, ২০১০

স্মারক নং-০৫.১৪৭.০০০.০০.০৪.০১২.২০১০- ৯১৫

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হইল ঃ

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ/মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়।
২। কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেল, বাংলাদেশ।
৩। সচিব, জন বিভাগ, রাষ্ট্রপতির কার্যালয়/সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়/সচিব, সংস্থাপন মন্ত্রণালয়।
৪। সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়।
(নিয়োগপ্রাপ্ত প্রার্থীর সংশ্লিষ্ট কাগজপত্রসহ ২৫তম বিসিএস পরীক্ষার মূল আবেদনপত্র, স্বাস্থ্য পরীক্ষার মূল প্রতিবেদন ও মূল প্রাক চরিত্র যাচাই প্রতিবেদন নির্দেশক্রমে এতদ্‌সঙ্গে প্রেরণ করা হইল। প্রার্থী যাহাতে আগামী ১০-১০-২০১০ তারিখে স্বরাষ্ট্র মন্ত্রণালয় কর্তৃক নির্দেশিত/পদায়িত কার্যালয়ে যোগদান করিতে পারেন, সেই লক্ষ্যে যথাসময়ে পদায়ন আদেশ জারীকরণের ও প্রয়োজনীয় সকল কার্যক্রম গ্রহণের জন্য অনুরোধ করা হইল।)
৫। রেক্টর, বাংলাদেশ লোক প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র, সাভার, ঢাকা।
৬। অতিরিক্ত সচিব, সংস্থাপন মন্ত্রণালয়।
৭। সচিব, বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, পুরাতন বিমান বন্দর ভবন, তেজগাঁও, ঢাকা।
(সূত্র ঃ কমিশনের ২২-০৫-২০০৬ তারিখের বাসককস/বিসিএস-২৫(২০০৪)/ ফলাফল (গোপনীয়)/ ৩/২০০৬/২৩ নম্বর সুপারিশপত্র)।
৮। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
৯। প্রধান তথ্য অফিসার, তথ্য অধিদপ্তর, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১০। যুগ্ম-সচিব (সকল), সংস্থাপন মন্ত্রণালয়।
১১। উপ-সচিব (মাঠ প্রশাসন)/(বৈনি/ননি)/(সিপিটি)/(সিআর)/(পিএসিসি), সংস্থাপন মন্ত্রণালয়।
১২। সিনিয়র সিস্টেমস এনালিষ্ট, লোক প্রশাসন কম্পিউটার কেন্দ্র, সংস্থাপন মন্ত্রণালয়।
১৩। উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা।
তাঁহাকে পরবর্তী গেজেটে প্রজ্ঞাপনটি মুদ্রণপূর্বক উক্ত গেজেটের ২০ (বিশ) কপি নিম্নস্বাক্ষরকারীর নিকট প্রেরণের জন্য অনুরোধ করা হইল।
১৪। উপ-সচিব (পুলিশ-১), স্বরাষ্ট্র মন্ত্রণালয়।
১৫. সিনিয়র সহকারী সচিব (অভ্যন্তরীণ প্রশিক্ষণ-২), সংস্থাপন মন্ত্রণালয়।
১৬। জনাব ---------------------------------------------------

---------------------------------------------------

(নিয়োগপ্রাপ্ত প্রার্থীর বর্তমান ও স্থায়ী ঠিকানায় ডাকযোগে প্রেরিত)।

(মোঃ মনিরুল হুদা)
সিনিয়র সহকারী সচিব
ফোন ঃ ৭১৭২৩৪৩
sasnewappoint@moestab.gov.bd

E:\Ao zia\proggapon 25th.doc 